মেহেরপুরে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত

ঐতিহাসিক ৭ই নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালন করেছে মেহেরপুর পৌর ও সদর উপজেলা বিএনপি।

আজ বৃহস্পতিবার (৭ নভেম্বর) বিকেলে দিবসটি উপলক্ষে উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে শহরের কলেজ মোড়ে এক সমাবেশের আয়োজন করা হয়।

সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজনের সভাপতিত্বে ও পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় সমাবেশ প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপি’র সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, দেশে কোন প্রকার ষড়যন্ত্র বরদাস্ত করা হবে না। যারা ষড়যন্ত্র করবে তাদের দাঁত ভাঙ্গা জবাব দিতে হবে। দেশপ্রেমিক সেনাবাহিনী ও পুলিশকে সহযোগিতা করার জন্য নেতাকর্মীদের জানান।

সমাবেশের পরে, মেহেরপুর সরকারি কলেজ মোড় থেকে একটি বিশাল মিছিল বের হয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে শহীদ শামসুজ্জোহা পার্কে এসে শেষ হয়।

এসময় জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, ইলিয়াস হোসেন, হাফিজুর রহমান হাফি, সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, রুমানা আহমেদ, মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা মহিলা দলের সভাপতি শাহেদাতুন্নেছা নয়ন, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিন সহ বিএনপি ও এর অঙ্গ সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত

যথাযথ মর্যাদা ও ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে বৃহস্পতিবার ঝিনাইদহে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত হয়েছে।

এ উপলক্ষ্যে ঝিনাইদহ শহরে বৃহস্পতিবার (৭নভেম্বর) দুপুরে জেলা বিএনপির উদ্যোগে বর্নাঢ্য র্যালি বের হয়। সকাল থেকেই জেলার বিভিন্ন গ্রাম, পাড়া ও মহল্লা থেকে খন্ড খন্ড মিছিল নিয়ে শহরের উজির আলী স্কুল মাঠে নেতাকর্মীরা জড়ো হয়। দুপুর নাগাদ বিশাল মাঠটি নেতাকর্মীদের উপস্থিতিতে মহাসমাবেশে পরণিত হয়।

র্যালি বের হওয়ার আগে সংক্ষিপ্ত এক সমাবেশে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ, জাহিদুজ্জামান মনা, এ্যাড, মুন্সি কামাল আজাদ পান্নু, আব্দুল মজিদ বিশ্বাস, আনোয়ারুল ইসলাম বাদশা, আলমগীর হোসেন, সাজেদুর রহমান পাপপু, যুবদল নেতা আহসান হাবিব রণক, আশরাফুল ইসলাম পিন্টু, ছাত্রদল নেতা সোমেনুজ্জামান সমেন, মুশফিকুর রহমান মানিক ও মহিলাদল নেত্রী কামরুন্নাহার লিজি।

সমাবেশে প্রধান অতিথি এ্যাড এম এ মজিদ বলেন, ৫ আগস্ট দেশের ছাত্র-জনতার তাজা প্রাণ ও রক্তের বিনিময় দেশকে সাড়ে ১৫ বছরের আওয়ামী ফ্যাসিবাদের কবল থেকে মুক্ত করেছে এবং দেশের সামরিক বাহিনী ছাত্র-জনতার পাশে এসে দাঁড়িয়েছে। আমরা এমনি এক সময় ৭ নভেম্বর পালন করতে যাচ্ছি যখন জাতি নানা সংকটের মধ্য দিয়ে যাচ্ছে। তিনি বলেন দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষা এবং দেশের বিরুদ্ধে সকল ষড়যন্ত্র ও চক্রান্ত মোকাবিলায় ১৯৭৫ সালের ৭ নভেম্বর সকল মুক্তিকামী জনতা রাজপথে নেমেছিল। ১৯৭৫ সালের ৩ নভেম্বর মেজর জে. খালেদ মোশাররফ পাল্টা সামরিক অভ্যুত্থান ঘটিয়ে আওয়ামী লীগকে ক্ষমতায় ফিরিয়ে আনার ষড়যন্ত্র করেছিল। তখন আমাদের দেশপ্রেমিক সিপাহী ও জনতা ঐক্যবদ্ধভাবে ৭ নভেম্বর রাজপথে নেমে খালেদ মোশাররফের ষড়যন্ত্র-চক্রান্ত প্রতিহত করে দেশের স্বাধীনতা-সার্বভৌমত্বকে হেফাজত করেছিল।

তিনি বলেন, জাতিকে আবার ফ্যাসিবাদের হাতে তুলে দেওয়ার জন্য নানামুখি চক্রান্ত শুরু হয়েছে। জাতি আবার ফ্যাসিবাদের পদধ্বনি

শুনতে পাচ্ছে। ফ্যাসিবাদীরা পুনরায় ফিরে আসলে জাতি এক মহাসঙ্কটে নিপতিত হবে। এ অবস্থায় জাতিকে রক্ষা করার জন্য ৭ই নভেম্বরের চেতনায় উজ্জীবিত হয়ে দেশপ্রেমিক ছাত্র-জনতা এবং বহুদলীয় গণতন্ত্রে বিশ্বাসী দল-মত-নির্বিশেষে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। সমাবেশ শেষে এক বর্নাঢ্য র্যালী ঝিনাইদহ শহর প্রদক্ষিন করে। র্যালিটি শহর ঘুরে কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে শেষ হয়।

এদিকে দিবসটি পালনে ঝিনাইদহের কালীগঞ্জ, শৈলকুপা, হরিণাকুন্ডু, মহেশপুর ও কোটচাঁদপুর উপজেলায় র্যালি, আলোচনা সভা ও দোয়া মাহফিলসহ বিস্তারিত কর্মসুচি গ্রহন করা হয়।

ঝিনাইদহে ৫৩তম জাতীয় সমবায় দিবস পালিত

‘সমবায়ে গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে ৫৩তম জাতীয় সমবায় দিবস পালিত হয়েছে।

আজ শনিবার (০২ নভেম্বর) সকালে সদর উপজেলা পরিষদ চত্বর থেকে জেলা সমবায় কার্যালয়ের আয়োজনে একটি র্যালি বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়।

ঝিনাইদহ স্টেডিয়ামপাড়া সঞ্চয় ও ঋণদান সমবায় লিমিটেডের সভাপতি জাহিদুজ্জামান মনা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকারের উপ-পরিচালক রথীন্দ্রনাথ রায়। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার ইমরান জাকারিয়া, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, জেলা সমবায় অফিসার জাফর ইকবাল, সদর উপজেলা সময় অফিসার শামিমা নাছরিন, জেলা সমবায় ইউনিয়নের সভাপতি মিজানুর রহমান।

সেসময় বক্তারা, সমবায়ের দর্শনের যথাযত প্রয়োগ ও বাস্তবায়নের দেশের আর্থিক অবস্থার উন্নতি ও সামাজিক বৈষম্য নিরসন করতে সকলকে কাজ করার আহ্বান জানান।

দামুড়হুদায় ৫৩তম জাতীয় সমবায় দিবস পালিত

“সমবায়ে গড়বো দেশ বৈষম্যহীন বাংলাদেশে “এই প্রতিপাদ্যকে সামনে রেখে দামুড়হুদায় ৫৩ তম জাতীয় সমবায় দিবস পালিত হয়েছে।

আজ শনিবার সকাল সাড়ে ১০টার সময় উপজেলা প্রশাসন ও সমবায় অধিদপ্তরের আয়োজনে জাতীয় পতাকা ও সমবায় পতাকা উত্তোলন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাঃ মমতাজ মহল।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান, উপজেলা প্রকৌশলী আব্দুর রসিদ, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, সহসভাপতি মিরাজুল ইসলাম মিরাজ সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ এবং উপজেলার বিভিন্ন এলাকা থেকে আসা সমবায় সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক গন এবং স্থানীয় প্রিন্ট ও ইলেকট্রিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সমবায় সমিতির নেতৃবৃন্দ তাদের সমিতির উন্নয়নমূলক কাজ গুলো তুলে ধরে বক্তব্য দেন। অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন দামুড়হুদা মডেল মসজিদের ঈমাম হাফেজ মাওঃ মুফতি মোঃ মামুনুর রশীদ।

গাংনীতে ৫৩ তম জাতীয় সমবায় দিবস পালিত

মেহেরপুরের গাংনীতে ৫৩ তম জাতীয় সমবায় দিবস পালিত হয়েছে। আজ শনিবার (০২ নভেম্বর) দিবসটি পালন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

কর্মসূচীর মধ্যে সকাল ১০ টায় সমবায় ও জাতীয় পতাকা উত্তোলনের পরপরই বর্ণাঢ্য র্যালি গাংনী উপজেলা চত্ত্বর হতে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পূর্বের স্থানে এসে শেষ হয়।

এ পরে সকাল সাড়ে ১০ টায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা সমবায় অফিসার মনিরুজ্জামান (ভারপ্রাপ্ত) এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।

অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা মডেল মসজিদের পেশ ইমাম মওলানা জাহিদ হোসেন। এরপর অতিথিদের নতুন উত্তরীয় দিয়ে বরণ করে নেয়া হয়।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্য রাখেন উপজেলা সমবায় অফিসার মনিরুজ্জামান (ভারপ্রাপ্ত)।

উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী মাহফুজুর রহমান কল্লোলের উপস্থাপনায় “সমবায়ে গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ” প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে অনুষ্ঠানে বক্তব্য রাখেন চাঁদপুর সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতির সভাপতি আবুল কাশেম, নাগদারখাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির নির্বাহী পরিষদের সদস্য আব্দাল হক, ডিজিটাল বহুমুখী সমবায় সমিতির সভাপতি তোফায়েল হোসেন, ইত্তেফাক পত্রিকার গাংনী উপজেলা সংবাদদাতা আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ।

অনুষ্ঠানের শেষাংশে উপজেলার পাঁচটি সফল সমবায়ী প্রতিষ্ঠানকে ক্রেস্ট প্রদান করা হয়।

কোটচাঁদপুরে জাতীয় যুব দিবস পালিত

“দক্ষ যুব গড়বে দেশ, বৈষম্যহীন বাংলাদেশ”এই প্রতিপাদ্য কে সামনে রেখে ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতীয় যুব দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্যাপন উপলক্ষে বর্ণাঢ্য যুব র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (০১ নভেম্বর) সকালে উপজেলা প্রসাশন ও যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালি বের হয়ে শহরের বিভিন্ন দিক প্রশিক্ষণ শেষে অফিসার্স ক্লাব মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার উঠছে মে। সভাপতিত্ব করেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শামসুল আলম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, মাধ্যমিক একাডেমিক সুপারভাইজার ফারুক হোসেন, কোটচাঁদপুর উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আব্দুল্লাহ বাশার, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সাইফুল ইসলাম শিলু, ফায়েজ আহাম্মেদ অনিক, শাহরিয়ার রহমান অভিক, আলী হাসান প্রমুখ।

সে সময় ১১ জনের মাঝে ৮ লাখ ২০ হাজার টাকার যুব ঋণের চেক বিতরণ করা হয়। এ সময় শিক্ষক, ছাত্র, ছাত্রী, উদ্দোক্তা উপজেলা প্রশাসনের কর্মকর্তা সহ নানা শ্রেণি পেশার মানুষ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় জাতীয় যুব দিবস

পালিত

“দক্ষ যুব গড়বে দেশ,বৈষম্যহীন বাংলাদেশ”-এ স্লোগান কে সামনে রেখে দামুড়হুদা উপজেলায় জাতীয় যুব দিবস -২০২৪ পালিত হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে উপজেলা পরিষদের সভাকক্ষে আলোচনা সভা-যুব ঋণ-সনদ ও গাছের চারা বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

আজ শুক্রবার বেলা সাড়ে ১০ টার দিকে উপজেলা প্রশাসন ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দামুড়হুদা কার্যালয়ের যৌথ আয়োজনে উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জাহাঙ্গীর আলম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,উপজেলার সুযোগ্য নির্বাহী অফিসার মমতাজ মহল।বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জামান পলাশ,সাধারণ সম্পাদক তানজীর ফয়সাল।

সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা রেজাউল করিমের সঞ্চালনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, সাংবাদিক হাবিবুর রহমান,সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা মশিউর রহমান,শারমিন নাহার,সাংবাদিক হাতেম সহ প্রায় অর্ধশতাধিক যুবক।

আলোচনা সভায় উপস্থিত বক্তারা বলেন, আমরা বীরের জাতি,আমাদের যুবরা আগামী দিনের ভবিষ্যৎ।ভবিষ্যতের জন্য আশার আলো নিয়ে প্রশিক্ষণের মাধ্যমে যুবকরা তাদের লক্ষ্যে পৌঁছে যাবে এবং সফলতা অর্জন করবে এমন আশাব্যাক্ত করে।

আলোচনা সভা শেষে বিভিন্ন ট্রেডে ২০ জন প্রশিক্ষণ গ্রহণকৃত প্রশিক্ষিত যুবকদের মাঝে ৩০ হাজার টাকা করে সর্বমোট ৬ লাখ টাকার যুব ঋণের চেক, ৩ জনকে প্রশিক্ষণ সনদ ও ১০ জন যুবকের মাঝে ফলজ গাছের চারা বিতরণ করেন।

মেহেরপুরে জাতীয় যুব দিবস পালিত

“দক্ষ যুব গড়বে দেশ, বৈষম্যহীন বাংলাদেশ” এই প্রতিপাদ্যে মেহেরপুরে জাতীয় যুব দিবস ২০২৪ পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে বর্ণাঢ্য র্যালি, আলোচনা সভা, যুব ঋণের চেক, সনদপত্র ও ক্রেস্ট বিতরণ কর্মসূচীর আয়োজন করা হয়েছে।

মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে আজ শুক্রবার (১ নভেম্বর) সকাল ১০ টার দিকে সদর উপজেলা পরিষদের হলরুমে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনার আগে জেলা প্রশাসনের কার্যালয় থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ করে সদর উপজেলা পরিষদ চত্বরে এসে শেষ হয়।

জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক ফিরোজ আহমেদের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

এসময় যুবকদের উদ্দেশ্য করে তিনি বলেন, যুবসমাজকে সচেতন থাকতে হবে এবং অন্যদের কেউ সচেতন করতে হবে।
যুবসমাজকে মাদক থেকে দূরে থাকতে হবে এবং একজন দক্ষ নাগরিক হিসেবে গড়ে উঠতে হবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক) মোঃ তরিকুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) গাজী মূয়ীদুর রহমান, জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের ডেপুটি কো-অডিনেটর ইকবাল মাহমুদ, ডিবির ওসি শেখ মেজবা উদ্দিন প্রমুখ।

জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের সিনিয়র প্রশিক্ষক মোছাঃ মাহমুদা খাতুনের সঞ্চালনায় এছাড়াও এসময় সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ সাজেদুল ইসলাম, সিনিয়র প্রশিক্ষক মোঃ আমিনুল ইসলাম উপস্থিত ছিলেন।

আলোচনার পরে শপথ পাঠ, যুব ঋণের চেক, সনদপত্র ও ক্রেস্ট বিতরণ

করা হয়।

গাংনীতে যুবদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

মেহেরপুরের গাংনীতে বর্ণাঢ্য র্যালী, সমাবেশ এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে দিয়ে যুবদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

আজ রবিবার বিকেলে গাংনী উপজেলা যুবদলের আয়োজনে এক বিশাল র্যালী গাংনী বাসস্ট্যান্ড থেকে শুরু করে উপজেলা পরিষদ চত্বর প্রদক্ষিণ করে একই স্থানে শেষ হয়। এরপর গাংনী বাসস্ট্যান্ডে সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে গাংনী উপজেলা যুবদলের সদস্য সচিব জাহিদুল ইসলাম এর সঞ্চালনায় সভাপতিত্ব করেন উপজেলা যুবদলের আহবায়ক মালেক হোসেন চপ্পল।
উক্ত সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিলটন।

এ সময় তিনি বলেন, গনতন্ত্রকে পুনরুদ্ধার করতে অতন্দ্র প্রহরী হিসেবে পাহারা দেবে জাতীয়তাবাদী যুবদল। আওয়ামী লীগ এখনো নৈরাজ্য সৃষ্টি করার চেষ্টা করছে। চাঁদাবাজি, সন্ত্রাসী কার্যকলাপ কেউ যদি করে তাহলে আপনারা তাকে প্রতিহত করবেন। তাকে ধরে যৌথ বাহিনীর হাতে তুলে দেবেন। এছড়াও তিনি বলেন, তারেক রহমানের নামে যে সকল মিথ্যা মামলা দেওয়া হয়েছে তা অবিলম্বে প্রত্যাহার করতে হবে।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা যুবদলের সিনিয়র সহসভাপতি আব্দাল হক।

সমাবেশে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওসার আলী।

এছাড়াও বক্তব্য রাখেন জেলা যুবদলের সহসভাপতি বিকলুস হক, পৌর

যুবদলের আহবায়ক সাহিদুল ইসলাম, সদস্য সচিব এনামুল হক।

এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহসভাপতি শহিদুল ইসলাম নাসির,জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আব্দুল আওয়াল বিশ্বাস, আলফাজ উদ্দিন কালু,ইনসারুল হক, উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান, যোলটাকা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মনিরুজ্জামান মনি, সহ বিভিন্ন ওয়ার্ড থেকে আগত নেতা ও কর্মী বৃন্দরা।

গাংনী উপজেলার বিভিন্ন ইউনিয়ন এবং ওয়ার্ড থেকে দলে দলে যুবদলের নেতা ও কর্মী বৃন্দরা সমাবেশে যোগদান করে।

মেহেরপুরে যুবদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল মেহেরপুর জেলা শাখার আয়োজনে নানা কর্মসূচির মধ্য দিয়ে সংগঠনটির ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

কর্মসূচির মধ্যে ছিল জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, রক্তদান কর্মসূচি, কেক কাটা, দোয়া মাহফিল ও আলোচনা সভা।

আজ রবিবার (২৭ অক্টোবর) বিকেলে একটি শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি মেহেরপুরে শহরের মল্লিক পুকুরের উপর থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়। পরে সেখানে আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনা সভায় বক্তব্য রাখেন, জেলা যুবদলের সহ সাধারণ সম্পাদক হুজাইফা ডিক্লিয়ার।

এ সময় মেহেরপুর সদর যুবদল নেতা বখতিয়ার, ইউনুস আলী, মাসুুদ, রাজু, সাবেক ছাত্রদল নেতা জয়নাল আবেদীন অভি, লিটন, ফাহিম, মুজিবনগর যুবদল নেতা সিরাজ, এরশাদ, জাহাঙ্গীর, ইয়াসিন বাসিম,

ইদ্রিস, মোঃ ইমরান হোসেন, স্বপন, মাসুদ, সুজন, বাবু, হাবিবর, পলাশ, বারাদী ইউনিয়ন যুবদল নেতা আসলামউদ্দীন বিট্টুসহ বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভার স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি অনুষ্ঠিত হয়। পরে কেক কাটা ও দোয়া মাহফিলের মাধ্যমে দিনটির সমাপ্তি ঘটে।